



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term Answer: Work Sheet - 3

Class: 3



Subject: Bengali Text: (কাঁচ)

Date: 15/5/2020

১। শব্দের অর্থ লেখ :-

ক) শারশি = কাঁচের পাল্লা

খ) আরশি = আয়না

গ) স্বচ্ছ = যার ভেতর দিয়ে পরিষ্কার দেখা যায়

ঘ) চুল্লি = উনুন

ঙ) কৌশলে = কায়দায়

২। শূন্যস্থান পূরণ কর :-

ক) ঝক্ ঝকে পরিষ্কার কাঁচ ‘তিনশ’ বছর আগে তৈরী হত না ।

খ) সেই সময়কার কাঁচ হত ময়লাগোছের ।

গ) আগে কাঠের চুল্লিতে কাঁচ তৈরি হত ।

ঘ) র ঙিন কাঁচের পুতি-মুজো একসময়ে লোকে অসম্ভব দামে কিনে নিত ।

ঙ) সমুদ্রের পানা পুড়িয়ে তার থেকে পটাশ বার করা হত ।

৩। উত্তর লেখ :-

ক) তিনশ বছর আগে কী রকম কাঁচ তৈরি হত ?

উ) তিনশ বছর আগে ময়লাগোছের আর তার মাঝে ঘোলাটে দাগ দেওয়া কাঁচ তৈরি হত ।

খ) কোন দেশের লোকের চেষ্টায় চমৎকার কাঁচ তৈরি হয়েছিল ?

উ) ইংলন্ডের কয়েকজন উৎসাহী লোকের চেষ্টায় চমৎকার কাঁচ তৈরি হয়েছিল ।

গ) ইংরেজরা কাঁচ তৈরির জন্য কী রকম চুল্লি ব্যবহার করতেন ?

উ) ইংরেজরা কাঁচ তৈরির জন্য কয়লার চুল্লি ব্যবহার করতেন ।

ঘ) জলের মতো স্বচ্ছ নূতন রকমের কাঁচ কী ভাবে তৈরি করা হয়েছিল ?

উ) সমুদ্রের পানা পুড়িয়ে তার থেকে পটাশ বার করে, সেই পটাশের মধ্যে খাঁটি চকমকি পাথরের গুঁড়ো আর সীসা ভস্ম মিশিয়ে জলের মতো স্বচ্ছ নূতন রকমের কাঁচ তৈরি করা হয়েছিল ।

ঙ) কাঁচের তৈরি দুটি জিনিসের নাম লেখ ।

উ) কাঁচের তৈরি দুটি জিনিস চশমা, বাসন ।

৪। বিপরীত শব্দ লেখ :-

ক) ডাঙা = জল

খ) স্বচ্ছ = অস্বচ্ছ

গ) ধনী = দরিদ্র

ঘ) নিখুঁত = খুঁত

ঙ) সাধারণ = অসাধারণ

Manashi Chaudhuri